

নং- ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৭.২০১২- ১১০

তারিখ: ০৬ এপ্রিল, ২০১৩  
২০ চৈত্র ১৪১৯

যুগ্মসচিব
আইসিটি ও সমন্বয় এর দপ্তর
উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) / সিস্টেম এনালিস্ট
ডায়েরী নং: ২২০ তারিখ: .....
স্বাক্ষর: .....

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আবদুল ওয়াহিদ, নির্বাহী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-০০৫১০৯), সড়ক বিভাগ, জামালপুর গত ০৩-১২-২০১২ তারিখ উর্দ্ধতন কর্তৃপক্ষের বৈধ অনুমোদন না নিয়ে ঢাকা আসার জন্য কর্মস্থল ত্যাগ করেন এবং সকাল ৯.৪০ মিনিটে বিনা অনুমতিতে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর অফিস কক্ষে প্রবেশ করে স্বীয় কর্মস্থল থেকে অন্যত্র বদলী না হওয়ার কারণ জানতে চান এবং এক পর্যায়ে ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেন। এ অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং তাঁর বিরুদ্ধে একই বিধিমালার ৪(৩) (ডি) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না সে মর্মে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য নির্দেশ দেয়া হয়। একই সাথে ব্যক্তিগত শুনানী ও সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তা লিখিত জবাবে জানানোর জন্যও নির্দেশনা দেয়া হয়। সে প্রেক্ষিতে, জনাব মোঃ আবদুল ওয়াহিদ অভিযোগনামা ও অভিযোগবিবরণীর নিরিখে জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর আশ্রয় প্রকাশ করেন;

এবং

যেহেতু, গত ২৪-০২-২০১৩ তারিখ ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং তার বক্তব্যের বিষয়টি যাচাই করার জন্য গত ০৭-০৩-২০১৩ তারিখ প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর সাক্ষ্য গ্রহণ করা হয়;

এবং

যেহেতু, প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর গত ০৩-১২-২০১২ তারিখের লিখিত প্রস্তাব, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত জনাব মোঃ আবদুল ওয়াহিদ, নির্বাহী প্রকৌশলী, জামালপুর সড়ক বিভাগ এর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী এবং জনাব মোঃ আমিনুর রহমান লস্কর, প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর ব্যক্তিগত শুনানী পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, প্রধান প্রকৌশলীর লিখিত চিঠির ভিত্তিতে প্রণীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীতে বর্ণিত উভয় অভিযোগের সত্যতা রয়েছে;

এবং

যেহেতু অধস্তন কর্মকর্তা কর্তৃক অধিদপ্তর প্রধানের সহিত ঔদ্ধত্যপূর্ণ আচরণ কোন ভাবেই কাম্য হতে পারেনা এবং এতে চেন অব কমাও ভেঙ্গে গিয়ে প্রশাসনিক বিশৃঙ্খলা বিস্তৃত হওয়ার সম্ভাবনা রয়েছে;

এবং

যেহেতু, অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সেপ্রেক্ষিতে তাঁকে অসদাচরণ এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হল;


এবং



এক্ষণে জনাব মোঃ আবদুল ওয়াহিদ (পরিচিতি নম্বর-০০৫১০৯), নির্বাহী প্রকৌশলী (সিভিল), জামালপুর সড়ক বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ১৯৮৫ এর বিধি ৪(২) (এ) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে তিরস্কার (censure) দণ্ডে দণ্ডিত করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


  
(এম, এ, এন, ছিদ্দিক)  
সচিব

নং- ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৭.১২-১১০/১(১৩)

তারিখ : ০৬ এপ্রিল, ২০১৩  
২০ চৈত্র ১৪১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
- ৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
- ৬। অতিরিক্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ৭। যুগ্ম-সচিব (আইসিটি ও সমন্বয়), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা
- ৯। উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন), সড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১০। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
- ১৪। জনাব মোঃ আবদুল ওয়াহিদ, নির্বাহী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-০০৫১০৯), জামালপুর সড়ক বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, জামালপুর।

  
(চন্দন কুমার দাস) ০৬-০৪-১৩  
উপসচিব  
ফোনঃ ৭১৭২৩৪২।